

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৪৩

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তির ফর্যসমূহ প্রতিপালন করা ইসলামের অন্তর্ভুক্ত মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ إِقَامَةَ الْمَرْءِ الْفَرَائِضَ مِنَ الإسلام

## আরবী

1443 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: حَدَّثَنَا حَنْظَلَةُ بْنُ أَبِي سُفْيَانَ قَالَ: سَمِعْتُ عِكْرِمَةَ بْنَ خَالِدِ الْمَخْزُومِيَّ يُحَدِّثُ: أَنَّ وَلَا: حَدَّثَنَا حَنْظَلَةُ بْنُ أَبِي سُفْيَانَ قَالَ: إِنِّي سَمِعْتُ مِسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ رَجُلًا قَالَ لِعَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ: أَلَا تَغْزُو؟ فَقَالَ: إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (بُني الْإِسْلَامُ عَلَى خَمْسٍ: شَهَادَةُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَإِقَامُ الصلاة وإيتاء الزكاة وصوم رمضان وحج البيت)

الراوي: ابْن عُمَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1443 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৪৪৩. প্রখ্যাত তাবি'ঈ ইকরামা বিন খালিদ মাখযুমী রহিমাহুল্লাহ বলেন: এক ব্যক্তি আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমাকে বললেন: 'আপনি কি যুদ্ধ করবেন না?' তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন: 'নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: 'ইসলাম পাঁচটি ভিত্তির উপর প্রতিষ্ঠিত। যথা: এই সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, সালাত প্রতিষ্ঠা করা, যাকাত প্রদান করা, রমযানের সিয়াম পালন করা ও বায়তুল্লাহর হজ্জ করা।"[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৮; সহীহ মুসলিম: ১৬; নাসাঈ: ৮/১০৭; তিরমিযী: ২৬০৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬; সহীহ ইবনু খুযাইমা: ৩০৮; মুসনাদ আহমাদ: ২/২৬; তাবারানী আল কাবীর: ১৩২০৩; বাইহাকী, আস সুনান: ৩/৩৬৭।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৭৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইকরিমা ইবনু খালিদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন